১৯৫৭ সালে কাগমারীতে অনুষ্ঠিত সাংস্কৃতিক সম্মেলনের তিনি ছিলেন আহ্বায়ক। ন্যাশনাল আওয়ামী পার্টির জন্মলগ্ন থেকেই এই দলের সাথে জড়িত হন এবং দলের ঢাকা জেলা কমিটির সভাপতির দায়িত্ব কিছুকাল পালন করেন।

আবুজাফর শামসুদ্দীন বাংলাদেশ শান্তি পরিষদের সভা- ... দ্দীনের মৃত্যুতে গভীর শোক ও তার স্মৃতিতে শ্রদ্ধা নিবেদন করে বলেন, এদেশের প্রগতিশীল ও গণতান্ত্রিক আন্দোলনে তার অবদান অপরিসীম। তার বলিষ্ঠ লেখনী প্রগতিশীল ও গণতান্ত্রিক রাজনৈতিক কর্মীদের নিকট ছিল প্রেরণার উৎস। বাংলাদেশের মুক্তিযুদ্ধ এবং পরবর্তী বাংলাদেশের

পৃষ্ঠা ... ... ... কলাম ২ ... ... ...

দৈনিক ইনকিলাব

030

# দূর শিক্ষণে বিএড চূড়ান্ত পরীক্ষার ফল প্রকাশ

॥ স্টাফ রিপোর্টার ॥

বাংলাদেশ ইন্সটিটিউট অব ডিসট্যান্স এডুকেশন দূর শিক্ষণে বিএড কোর্সের ১৯৮৫-৮৭ সালের প্রথম ব্যাচের চতুর্থ সিমেস্টার (চূড়ান্ত) পরীক্ষার ফলাফল ঘোষণা করেছে। ২ হাজার ৪শ' ২৭ পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৬শ' ৭৫ জন পরীক্ষার্থী পাস করেছে। পাসের হার শতকরা ৬৯ ভাগ। পরীক্ষায় উত্তীর্ণদের মধ্যে প্রথম শ্রেণীতে পাস করেছে ৩শ' ৭৩ জন। উচ্চতর দ্বিতীয় শ্রেণীতে পাস

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## পরীক্ষার ফল

প্রথম পৃষ্ঠার পর

করেছে ১ হাজার ৭০ জন এবং দ্বিতীয় বিভাগে পাস করেছে ২শ' ৩২ জন। পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ ২ জন হচ্ছেন— কুমিল্লা রোল ২ সেলিনা বেগম এবং কুমিল্লা রোল ১৩৯ আবদুল ওয়াজেদ। দ্বিতীয় হয়েছেন চট্টগ্রাম রোল ২৫৩ সিদ্দিকা বেগম, তৃতীয় কুমিল্লা রোল ৬ নাজমা মহসীন, চতুর্থ ময়মনসিংহ রোল ৪৩ নাসিমা ফেরদৌস, পঞ্চম খুলনা রোল ১০৮ শেখ শাহাদাৎ হোসেন, ষষ্ঠ কুমিল্লা রোল ২৩২ শহিদুল্লাহ মাল, ষষ্ঠ ফেনী রোল ৩২ মোহাম্মদ দায়েম উল্লাহ ভূঞা, ৭ম খুলনা রোল ২১৫ নরেন্দ্র নাথ হালদার, ৮ম ময়মনসিংহ রোল ১ বরকতুন্নেছা। নবম হয়েছেন ৩ জন, চট্টগ্রাম রোল ২৩ শওকত আলী, চট্টগ্রাম রোল ৮৩ রনজিৎ পাল, রংপুর ২৭৫ মোহাম্মদ ওয়ালিয়ার রহমান এবং দশম কুমিল্লা রোল ১১৮ মোহাম্মদ আবদুল মান্নান।